

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩৭০

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. নফল সালাত-এর বিবরণ - বিতর সালাতের বিধান

আরবী

وَعَنْ عَلِيّ بْنِ أَبِي طَالِبٍ _ رضي الله عنه _ قَالَ: لَيْسَ الْوِتْرُ بِحَتْمٍ كَهَيْئَةِ الْمَكْتُوبَةِ, وَلَكِنْ سُنَّةُ سَنَّهَا رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم. رَوَاهُ النَّسَائِيُّ وَالتِّرْمِذِيُّ وَحَسَّنَهُ وَلَكِنْ سُنَّةُ وَصَحَّحَهُ وَصَحَّحَهُ

رواه النسائي (3/ 229)، والترمذي (454 و 454)، والحاكم (1/ 300) وقال الترمذي: حديث حسن

বাংলা

৩৭০. 'আলী বিন আবী তালিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন- বিতর সালাত ফরয সালাতের ন্যায় জরুরী নয়, বরং এটা একটি সুন্নাত, যা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চালু করেছেন। তিরমিয়ী একে হাসান বলেছেন আর হাকিম একে সহীহ বলেছেন।[1]

ফুটনোট

[1] তিরমিয়ী ৪৫৩, ৪৫৪, নাসায়ী ১৬০৫, ১৬০৬, আবূ দাউদ ১৪১৬, ইবনু মাজাহ ১১৬৯, আহমাদ ৬৫৪, ৭৬৩, দারেমী ১৫৭৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আলী ইবন আবী তালিব (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন